দৈনিক সংবাদ

JAN. 3 1 2001

# কলকাতা বইমেলায় বাংলাদেশ প্যাভিলিয়ন উদ্বোধন

কলকাতায় শুরু হয়েছে এই সহস্রাব্দের প্রথম বইমেলা। মঙ্গলবার মেলা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার থেকে জনসাধারণের জন্য মেলা খুলে দেয়া হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদের ভট্টাচার্য উপস্থিত ছিলেন।

বাংলাদেশ থেকে ২০টি প্রকাশনা সংস্থা বইমেলায় অংশ নিচ্ছে। বুদ্ধদেব ভট্টাচার্য বাংলাদেশী প্যাভিলিয়নটি উদ্বোধন করেন এবং বাংলাদেশের কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন।

প্রকাশকদের সংগঠন পাবলিশার্স এন্ড বুকসেলার্স গিল্ড এ মেলার আয়োজন করেছে। এতে পাঁচশর বেশি স্টল রয়েছে। ফেব্রুয়ারি পর্যন্ত এই মেলা চলবে। বিবিসি।